

|  |                 |               |          |
|--|-----------------|---------------|----------|
| নির্বাহী প্রকৌশলীর কার্যালয়<br>গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা। |                 |               |          |
| ডায়েরী নং-<br>২৪৩   | তারিখঃ-১১/০৫/২২ | প্রকল্প নং- ২ |          |
| অ: স:  | স: প্র:         | উ: বি: প্র:   | নি: প্র: |
|  |                 |               | N        |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান প্রকৌশলীর কার্যালয়  
গণপূর্ত অধিদপ্তর  
হিসাব শাখা-১  
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।  
www.pwd.gov.bd



অবিলম্বে

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০৭২.১৩.২৫০

তারিখ: ৩ বৈশাখ ১৪২৯

১৬ এপ্রিল ২০২২

বিষয়: ০৫টি র্‌যাব কমপ্লেক্স এবং একটি র্‌যাব ফোরসেস ট্রেনিং স্কুল কমপ্লেক্স নির্মাণ প্রকল্পের কাজের জন্য ২০২১-২০২২-আর্থিক সালে ২য় কিস্তিতে ৭০.০০ লক্ষ টাকা বরাদ্দ।

সূত্র: প্রকল্প পরিচালক, ০৫ টি র্‌যাব কমপ্লেক্স ও ১টি র্‌যাব ফোরসেস ট্রেনিং স্কুল কমপ্লেক্স নির্মাণ প্রকল্প, র্‌যাব ফোরসেস সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকার দপ্তর স্মারক নং-/৪৬১ তারিখ-০৬-১২-২০২১ খ্রিঃ এর প্রেক্ষিতে।

উপরোক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে চলতি ২০২১-২০২২ আর্থিক সালে খরচ করার জন্য ২য় কিস্তিতে =৭০.০০ লক্ষ (সত্তর লক্ষ) টাকা মাত্র বরাদ্দ করা হল।

সূত্রস্থ স্মারক পত্রের মাধ্যমে প্রকল্প পরিচালক কর্তৃক প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট সরাসরি ন্যস্তকৃত =৭০.০০ লক্ষ (সত্তর লক্ষ) টাকা হিসাবের কোড নং-১২২-১২২০২-১২২০২০১-২২৪০০৮৩০০- ৪১১২৩০৩ খাতের ২০২১-২০২২ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে ব্যয় সংকুলান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার বিধি বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পালন পূর্বক ব্যয় করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্ত সমূহ অনুসরণ করতে হবে। শর্ত সমূহ ঃ

- (১) কোন অবস্থাতেই প্রকল্পের অনুমোদিত ব্যয় ও অনুমোদিত অঙ্কের বাইরে ছাড়কৃত অর্থ ব্যয় করা যাবে না।
- (২) এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে উন্নয়ন প্রকল্পের জন্য অনুসৃত নীতিমালা যথাযথভাবে অনুসরণ/ পালন করতে হবে।
- (৩) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সমর্পণ করতে হবে।
- (৪) এই বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদ্ঘাতিত হলে বিল পরিশোধকারি দায়ী থাকবে।
- (৫) বরাদ্দকৃত অর্থের খরচের হিসাব অত্র দপ্তরের/ প্রত্যাশী সংস্থার নিকট দাখিল করতে হবে।
- (৬) প্রকল্প পরিচালক মহোদয়ের সংযুক্ত পত্রের মর্ম অনুযায়ী এই অর্থ খরচ করতে হবে।

২০-৪-২০২২

মোঃ শহিদুল আলম

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)

ফোন: ০২২২৩৩৮৮৯১৪

ইমেইল: se\_coord@pwd.gov.bd

ee\_gzipr@pwd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০৭২.১৩.২৫০/১(১৭)

তারিখ: ৩ বৈশাখ ১৪২৯

১৬ এপ্রিল ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: